

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা
www.dmlc.gov.bd

নং-২৩.২২.০০০০.০১১.১১.১৩১.১৮-১১২৩

তারিখ : ১৫ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত ১৪ ও ২০ নং গ্রেডের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম	গ্রেড নং	জাতীয় বেতন স্কেল-২০১৫	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার বাসিন্দা / নাগরিকগণের আবেদন করার প্রয়োজন নেই।
১।	সাঁট মুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর	১৪	১০২০০-২৪৬৮০	০২টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের ডিগ্রি, কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং শটহ্যান্ড-এ প্রতি মিনিটে গতি: ইংরেজি-৭০ শব্দ, বাংলা-৪৫ শব্দ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি: ইংরেজি-৩০ শব্দ এবং বাংলা-২৫ শব্দ।	গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, শেরপুর, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, খুলনা, যশোর, বাগেরহাট, চুয়াডাঙ্গা, ঝালকাঠি ও পটুয়াখালী জেলা, তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবেন।
২।	অফিস সহায়ক	২০	৮২৫০-২০০১০	০২টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, কিশোরগঞ্জ, টাংগাইল, জামালপুর, শেরপুর, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, কুষ্টিয়া, বরিশাল, পটুয়াখালী এবং সুনামগঞ্জ জেলা, তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবেন।
৩।	নিরাপত্তা প্রহরী	২০	৮২৫০-২০০১০	০১টি	স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে অষ্টম শ্রেণি পাস।	
৪।	পরিচ্ছন্নতা কর্মী	২০	৮২৫০-২০০১০	০১টি		

শর্তাবলী

- প্রার্থীর বয়স ০১/১২/২০১৯ তারিখে ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এভিডেন্সিট গ্রহণযোগ্য নয়। সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থী বলতে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এবং এর আওতাধীন এমইও দপ্তরসমূহে রাজস্ব খাতভুক্ত পদে কমপক্ষে ০২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত-কে বুঝাবে।
- অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ
 - পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://dmlc.teletalk.com.bd> ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী <http://dmlc.teletalk.com.bd> ও www.dmlc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
 - Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরু তারিখ ও সময়: ০৫/০১/২০২০ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা।
 - Online-এ আবেদনপত্র জমাধানের শেষ তারিখ ও সময়: ২৬/০১/২০২০ খ্রিস্টাব্দ বিকাল ০৫.০০ টা।
 পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১ এ বর্ণিত পদের জন্য সার্ভিস চার্জসহ ১১২/- (একশত বার) টাকা এবং ক্রমিক নং-২ থেকে ৪ নং পদের জন্য সার্ভিস চার্জসহ ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিতে হবে।
- চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।
- মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক/ ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।
- আবেদনকারী মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য কোটাসহ সরকারের প্রচলিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মহাপরিচালক

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস